সংবাদ

তারিখ ... 19 JAN ২০১০ ..
পৃষ্ঠা ... ১৭ কলাম ... ৭ ...

# স্কুলে ভর্তি বাণিজ্য ঠেকাতে মাঠে নেমেছে মনিটরিং টিম

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের সরকারি ও বেসরকারি স্কুলগুলোতে ভর্তিবাণিজ্য প্রতিরোধে কঠোর পদক্ষেপ নিয়েছে সরকার। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি মনিটরিং টিম গঠন করা হয়েছে। ৭ সদস্যের এ টিম রাজধানীতে ভর্তিবাণিজ্যের অভিযোগে অভিযুক্ত স্কুলগুলোর বিরুদ্ধে অভিযান শুরু করেছে। ভুক্তভোগী শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে টিমটি দেশব্যাপী অভিযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে পর্যায়ক্রমে ব্যবস্থা নেবে।

সূত্র জানায়, ভর্তিবাণিজ্যের অভিযোগে ইতোমধ্যে রাজধানীর বেশ কয়েকটি স্কুলকে চিহ্নিত করা হয়েছে। অভিযুক্ত এসব স্কুলের তালিকায় রাজধানীর নামীদামী স্কুল ভিকারুননিসা নূন স্কুল, মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, বিসিআইসি স্কুল ও কলেজ, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, মেরাদিয়ার ফজলুর রহমান ন্যাশনাল আইডিয়াল ইন্সটিটিউট, শেরেবাংলা নগর সরকারি বালক ও বালিকা উচ্চ বিদ্যালয়, মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইন্সটিটিউট, ওয়াইডব্লিউসিএ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয়, বনফুল আদিবাসী গ্রীন হার্ট কলেজ, কাফরুল উচ্চ বিদ্যালয়, শিক্ষা বোর্ড ল্যাবরেটরি স্কুল ও কলেজ, মিরপুরের মনিপুর উচ্চ বিদ্যালয়সহ রয়েছে আরও অনেক স্কুল।